

তারিখ : ৩০/০১/২০২২

স্মারক নং

মুদ্রণীয় সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : বাংলাদেশ ও ভারতের সংস্কৃতিসেবীদের সংগঠন 'টাইমস্কোপ' কর্তৃক আয়োজিতব্য অনলাইন প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়টি প্রচারের অনুমতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন

মহোদয়

সর্বনিয়ম নিবেদন এই যে, বাংলাদেশ ও ভারতের সংস্কৃতিসেবীদের ব্যক্তিক চাঁদায় পরিচালিত সংস্কৃতিভিত্তিক সংগঠন 'টাইমস্কোপ' দুই দেশের সংস্কৃতি-কর্মীদের উৎসাহ, উদ্দীপনা তথা উন্নয়নের লক্ষ্যে নানামাত্রিক অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এসব অনুষ্ঠানে জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সকলকে উজ্জীবিত করে থাকেন। অনেক অনুষ্ঠানেই মাননীয় মন্ত্রী বা সচিব মর্যাদার সুধীজন প্রধান বা বিশেষ অতিথির আসন অলঙ্কৃত করে আমাদের ধন্য করেন। অন্যান্য সময়ের মতো এবারও আমরা অনলাইন প্ল্যাটফর্মে বিভিন্ন বয়সের শিক্ষার্থীদের জন্য আগামী ফেব্রুয়ারি' ২০২২ মাসে আন্তর্জাতিক পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছি। এতে বাংলাদেশ ও ভারতের নার্সারি-স্তর থেকে শুরু করে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য তিনটি গ্রুপে নাচ, গান, কবিতা বা গল্প লেখা, অভিনয় ও ছবি আঁকা অন্তর্ভুক্ত থাকবে। তদুপরি প্রতিযোগিতার ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের জন্য নগদ অর্থ, বই-পুরস্কার ও সম্মাননা সনদ প্রদানের ব্যবস্থাও থাকবে।

এমতাবস্থায়, এইসঙ্গে বর্ণিত নিয়মানুযায়ী অনলাইন প্রতিযোগিতার বিষয়টি প্রচারের অনুমতি এবং আপনার মন্ত্রণালয়ের অধিভুক্ত বিশেষ করে শিল্পকলা একাডেমি/স্কুল নু-গোষ্ঠি কালচারাল একাডেমির সকল শাখার শিক্ষাবিশদের নিকট প্রতিযোগিতার তথ্য পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাই।

নিবেদক

আপনার বিশ্বস্ত

আনোয়ারুল হক ভূঁইয়া

চীফ এডিটর, টাইমস্কোপ ও

ফাউন্ডার এডমিন, ভারত-বাংলাদেশ যৌথ কালচারাল সংগঠন

প্রতিযোগিতার নিয়মাবলি

ফ্রি রেজিস্ট্রেশন ফরম : <https://forms.gle/aiNodPvypceSVLTx5>

বিষয় : নাচ, গান, আবৃত্তি, কবিতা/গল্প লেখা, অভিনয় ও ছবি আঁকা

জমা দেওয়ার শেষ তারিখ : ২৫শে ফেব্রুয়ারি' ২০২২

কবিতা পাঠ ও অভিনয়ের ব্যাপ্তি ৫-৬ মিনিটের মধ্যে এবং কবিতা বা গল্প লেখা ৪০০ শব্দের মধ্যে হতে হবে।

ভিডিও, ছবি ও লেখাগুলো <https://www.facebook.com/groups/Timescoop/?ref=share> লিঙ্কে অথবা

mailto:news@timescoop.com এড্রেসে পোস্ট করতে হবে

পুরস্কার হিসেবে থাকবে - নগদ অর্থ, বই ও সম্মাননা সনদ

পুরস্কার প্রদান করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী ও বাংলাদেশে নিযুক্ত ভারতের হাই-কমিশনার

সর্বোপরি প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার প্রদানে 'টাইমস্কোপ' কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।

সচিব মহোদয়ের দপ্তর	
জারি নম্বর:	৩০/১/২২
তারিখ:	৩০/১/২২
অতিরিক্ত সচিব	
অতিরিক্ত সচিব (সম্মতি ও ঐচ্ছিক)	
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	
অতিরিক্ত সচিব (প্রশাসন)	<input checked="" type="checkbox"/>
যুগ্ম সচিব	
সচিবের একান্ত সচিব	
সচিবের স্বাক্ষর	

অতিরিক্ত সচিব (প্রঃ) এর দপ্তর	
জারি নং:	২৮৫
তারিখ:	৩০/০১/২২
স্বাক্ষর:	
যুগ্মসচিব/উপসচিব (প্রঃ-২)	
যুগ্মসচিব/উপসচিব অনুষ্ঠান	
উপসচিব প্রশাসন-১	
সিঃ সঃ সচিব/উপসচিব শাখা-৭	

আনোয়ারুল হক ভূঁইয়া
৩০/০১/২০২২

R/e